অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/7/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কর্মক্ষেত্রে পিতামাতার অধিকার সম্প্রসারণ করার আইন এখন কার্যকর হওয়ার ঘোষণা করলেন

বিধিমালা চাকরিদাতাদের জন্য নিরাপদে বুকের দুধ বের করার বিশেষ সুযোগসুবিধাসহ স্থান প্রদান করা আবশ্যিক করে

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করলেন যে একটি নতুন আইন আজকে থেকে কার্যকর হবে যা সকল চাকরিদাতার জন্য বুকের দুধ বের করার সম্প্রসারিত স্থান ও ব্যবস্থা প্রদান করা আবশ্যিক করবে। গত ডিসেম্বরে গভর্নর হোকলের স্বাক্ষর করা বিধিমালাটি এছাড়াও চাকরি দাতাদের জন্য নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (New York State Department of Labor, NYSDOL) তৈরি একটি নীতিমালা গ্রহণ করতে হবে যা কর্মক্ষেত্রে বুকের দুধ বের করার সময় চাকরিজীবীদের অধিকার প্রতিষ্ঠিত করে। নতুন এই আবশ্যিকতাগুলি নিশ্চিত করে যাতে পুরো স্টেটের সকল কর্মীর কাছে নিরাপদ, পরিচ্ছন্ন স্থান ও ব্যবস্থা থাকে।

"কর্মচারীদেরকে গোপনে এবং মর্যাদার সাথে পাম্প করার নিরাপদ, পরিচ্ছন্ন এবং সুবিধাজনক স্থান আমাদের কর্মক্ষেত্রগুলিকে অবশ্যই প্রদান করতে হবে," **গভর্নর হোকল বলেন।** "চাকরিদাতাদের জন্য মানসম্পন্ন স্থান ও ব্যবস্থা প্রদান করা আবশ্যিক করে এই বিধিমালাটি বুকের দুধ পান করাচ্ছেন এমন কর্মচারীদের নিরাপত্তা উন্নত করতে এবং স্বাস্থ্যসেবা সুরক্ষা ও বুকের দুধ পান করানোর স্থান ও ব্যবস্থা সম্প্রসারণ করতে সাহায্য করবে।"

এই আইন নিউ ইয়র্ক স্টেটের সকল চাকরিদাতার জন্য কর্মক্ষেত্রে একটি সুবিধাজনক, প্রাইভেট পাম্পিং স্থান, যেখানে বসার ব্যবস্থা, একটি টেবিল বা সমতল পৃষ্ঠ, এবং বৈদ্যুতিক আউটলেট ও কাছে প্রবাহমান পানির উৎস থাকবে, তা প্রদান করা আবশ্যিক করে। চাকরিদাতাদেরকে অবশ্যই সকল কর্মীকে নতুন নীতিমালা প্রদান কার মাধ্যমে কর্মীদের কর্মক্ষেত্রে বুকের দুধ বের করার অধিকার সম্পর্কে শিক্ষাদান করতে হবে। উন্নত নীতিমালাটি নিশ্চিত করে যাতে সকল চাকরিদাতা তাদের দায়িত্ব বুঝতে পারে এবং সকল চাকরিজীবী কর্মক্ষেত্রে বুকের দুধ বের করার ব্যাপারে নিজের অধিকার সম্পর্কে জানে। এই নির্দেশনা হলো সকল চাকরিদাতাদের অবশ্যই পালন করতে হবে এমন সর্বনিম্ন আদর্শ। চাকরিদাতাদেরকে নিজেদের কর্মক্ষেত্র ও তাদের কর্মচারীদের প্রয়োজনের জন্য বাড়তি নির্দিষ্ট ব্যবস্থা যোগ করতে উৎসাহিত করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "চাকরিরত অবস্থায় কর্মজীবী পিতামাতাকে সুরক্ষা করা এবং সমর্থন করা আমাদের জন্য অত্যাবশ্যকীয়। বুকের দুধ পান করাচ্ছেন এমন কর্মীদের প্রয়োজনের জন্য স্থান ও ব্যবস্থা প্রদান করে এমন একটি নিরাপদ ও অন্তর্ভুক্তিকর পরিবেশ করা শুধু একই আইনি আবশ্যিকতা নয়, বরং একটি স্বাস্থ্যকর ও সমতার কর্মক্ষেত্র বজায় রাখার একটি মৌলিক দিক। নতুন এই নীতিমালাটি এমন একটি পরিবেশ গঠন করে যা সকল কর্মীর অধিকার ও সুস্থতাকে সম্মান করে, কর্মচারী ধরে রাখার প্রচার করে, এবং আরো অন্তর্ভুক্তিকর ও উৎপাদনশীল একটি নিউ ইয়র্ক স্টেট কর্মক্ষেত্র বহাল রাখে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health) সাথে একসাথে নীতিমালাটির বিস্তারিত আলোচনা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ আজকে সকাল 10:30টায় মার্কেটপ্লেস মলের UR মেডিসিন অর্থোপেডিক্স এবং ফিজিক্যাল পারফরম্যান্স সেন্টারে (UR Medicine Orthopedics and Physical Performance Center) একটি সংবাদ সম্মেলন আয়োজন করে। নতুন আবশ্যিকতার থেকেও বেশি সুযোগসুবিধাসহ একাধিক স্তন্যদান কক্ষ যোগ করে রচেস্টার ইউনিভার্সিটি (University of Rochester, UR) এর নতুন ফ্যাসিলিটির নকশা করেছে।

নিউ ইয়র্ক স্টেটের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "একজন শিশু বিশেষজ্ঞ হিসেবে আমি নিজের অভিজ্ঞতা থেকে জানি স্বাস্থ্যের ক্ষেত্রে বুকের দুধ কী প্রভাব ফেলে এবং কর্মক্ষেত্রে বুকের দুধ পান করানোর ক্ষেত্রে পিতামাতা কী প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। বুকের দুধ পান করানো পিতামাতার জন্য প্রতিবন্ধকতা নির্মূল করা, বুকের দুধ পান করানোর প্রচার করে এমন নীতিমালা ও ব্যবস্থাকে সমর্থন করার জন্য সম্প্রদায়ভিত্তিক অংশীদারিত্ব সম্প্রসারিত করা, এবং বুকের দুধ পান করাচ্ছেন এমন কর্মীদের সমর্থনকারী অন্তর্ভুক্তিকর পরিবেশ গঠন করার জন্য এধরনের কর্মসূচির মাধ্যমে বুকের দুধ পান করাচ্ছেন এমন কর্মীদের কর্মক্ষেত্রে সুরক্ষা বৃদ্ধি করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

রচেস্টার ইউনিভার্সিটির প্রেসিডেন্ট সারাহ ম্যাঙ্গেলসডর্ফ বলেন, "বুকের দুধ পান করাচ্ছেন বা স্তন্যদান করছেন এমন কর্মচারীদের জন্য নিরাপদ, পরিচ্ছন্ন, এবং অনুকূল স্থান প্রদান করার জন্য রচেস্টার ইউনিভার্সিটির মতো চাকরিদাতাদের সংস্থান প্রদান করা এবং নেতৃত্ব দানের জন্য আমরা গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ, এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগকে ধন্যবাদ জানাচ্ছি," বলেন রচেস্টার ইউনিভার্সিটির প্রেসিডেন্ট সারাহ ম্যাঙ্গেলসডর্ফ।

মনরো কাউন্টির নির্বাহী অ্যাডাম বেলো বলেন, "জন্ম দেওয়ার পর কর্মক্ষেত্রে ফেরত আসা মায়েদের সমর্থন প্রাপ্য। মনরো কাউন্টিতে গত বছরে আমরা নীতিমালায় উল্লেখযোগ্য পরিবর্তন করেছি এবং আমাদের 11টি ফ্যাসিলিটিতে নতুন স্তন্যদান কক্ষ গঠন করেছি। বুকের দুধ পান করানো বান্ধব কর্মক্ষেত্র হিসেবে পরিচয় পাওয়া কাউন্টি হতে পেরে আমি গর্বিত। এটি সম্ভব করার জন্য আমাদের প্রয়োজনীয় সংস্থান প্রদান করার জন্য নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ ও রচেস্টার ইউনিভার্সিটিকে ধন্যবাদ। নিউ ইয়র্ক স্টেটজুড়ে মায়েদের জন্য আরো ইতিবাচক ও সমর্থক কাজের পরিবেশ প্রদান করতে ব্যবস্থা গ্রহণ করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

দ্য নিউ ইয়র্ক স্টেটওয়াইড ব্রেস্টফিডিং কোয়ালিশন পলিসি কমিটির (New York Statewide Breastfeeding Coalition Policy Committee) পরিচালক টেরেসা ল্যান্ডাউ বলেন, "বুকের দুধ পান করাচ্ছেন এমন কর্মচারীদের কর্মক্ষেত্রে সমর্থন সম্প্রসারিত, স্পষ্ট, এবং উন্নত করার জন্য নিউ ইয়র্কের শ্রম আইন সংশোধন করার জন্য কোয়ালিশন নিউ ইয়র্ক স্টেটের প্রশংসা করছে। বুকের দুধ পান করাচ্ছেন এমন কর্মচারীরা যাতে বর্তমান বুকের দুধ পান করানোর সুপারিশ এবং নিজস্ব বুকের দুধ পান করানো সংক্রান্ত লক্ষ্য অর্জন করতে পারে তার জন্য তাদের এটি জানতে এবং নিশ্চিত হতে হবে যে কর্মক্ষেত্রে নিয়মিত বুকের দুধ বের করার জন্য তাদের সময় ও একটি প্রাইভেট স্থান থাকবে। সংশোধিত এই আইনটি এবং আবশ্যিক নীতিমালা সেই লক্ষ্য অর্জনে সাহায্য করবে।"

স্তন্যদান কক্ষের আবশ্যিকতা
আইনের অধীনে সকল চাকরিদাতাকে বুকের দুধ বের করার জন্য বাথরুম ছাড়াও একটি প্রাইভেট কক্ষ বা বিকল্প স্থান প্রদান করতে হবে।

কমপক্ষে, সেই কক্ষ বা অন্য স্থানে যা থাকতেই হবে:

- একজন চাকরিজীবীর কাজের স্থানের কাছে হতে হবে
- ভালো প্রাকৃতিক বা কৃত্রিম আলোর ব্যবস্থা থাকতে হবে
- প্রাইভেট হতে হবে - দৃষ্টিগোচর হবে না এবং কেউ বিরক্ত করবে না
- কাছেই সহজলভ্য, পরিষ্কার প্রবাহমান পানি থাকবে
- একটি বৈদ্যুতিক আউটলেট থাকতে হবে (কর্মক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহ থাকলে)
- একটি চেয়ার থাকতে হবে
- একটি ডেস্ক, ছোট টেবিল, ডেস্ক, কাউন্টার, বা অন্য কোনও সমতল পৃষ্ঠ থাকতে হবে

বুকের দুধ পান করাচ্ছেন এমন প্রত্যেক কর্মীর জন্য পৃথক স্থান প্রদান করার প্রয়োজন নেই একজন চাকরিদাতা বুকের দুধ বের করার জন্য একটি একক কক্ষ বা অন্য স্থান নির্ধারিত করতে পারবে। যদি একটি সময় একাধিক কর্মচারীর স্তন্যদান কক্ষ ব্যবহার করা প্রয়োজন হয়, তাহলে একজন চাকরিদাতা সকল কর্মচারীর ব্যবহারের জন্য একটি কেন্দ্রীয় স্থান নির্ধারিত করতে পারবে।

কর্মক্ষেত্রে বুকের দুধ বের করার অনুরোধ
নতুন আইনটি কর্মচারীদেরকে কর্মক্ষেত্রে বুকের দুধ বের করা সম্পর্কে আইনের অধীনে তাদের অধিকার জানিয়ে একটি লিখিত নীতিমালা প্রদান করা সকল চাকরিদাতার জন্য আবশ্যিক করে। চাকরিদাতাদেরকে প্রত্যেক কর্মচারীকে অবশ্যই নিয়োগের সময়, এরপর প্রতি বছর একবার, এবং এরপর শিশু জন্মদানের পর কাজে ফেরত আসা কর্মচারীকে আরেকবার নীতিমালা প্রদান করতে হবে।

কর্মক্ষেত্রে বুকের দুধ বের করতে চাওয়া কর্মচারীদেরকে তাদের সরাসরি সুপারভাইজার বা তাদের চাকরিদাতা কর্তৃক অনুরোধ প্রক্রিয়া করার জন্য নির্ধারিত ব্যক্তির কাছে একটি লিখিত অনুরোধ জমা দিতে হবে। চাকরিদাতাদেরকে অবশ্যই পাঁচ (5) দিনের মধ্যে বুকের দুধ বের করার জন্য একটি কক্ষ বা অন্য স্থান প্রদান করার অনুরোধের লিখিত সাড়াদান করতে হবে।

বুকের দুধ বের করার জন্য ব্রেক টাইম ব্যবহার করা

বর্তমান আইনের অধীনে, সকল চাকরিদাতাদেরকে অবশ্যই কর্মীদের কর্মক্ষেত্রে বুকের দুধ বের করার জন্য যুক্তিসঙ্গত বেতনহীন ব্রেক টাইম দিতে হবে। এটি শিশু জন্মদানের পরবর্তী তিন বছর পর্যন্ত অবশ্যই প্রদান করতে হবে। কর্মচারী অনুরোধ করলে কম পক্ষে তিন ঘণ্টা পরপর ব্রেক দিতে হবে এবং তা কমপক্ষে 20 মিনিটের হতে হবে। কর্মচারীরা ইচ্ছা করলে তাদের বেতনসহ ব্রেক টাইম বা খাওয়ার সময় ব্যবহার করতে পারবে, কিন্তু তা করা তাদের জন্য আবশ্যিক নয়। কর্মক্ষেত্রে বুকের দুধ বের করে এমন কর্মচারীর সাথে বৈষম্য বা প্রতিহিংসামূলক আচরণ করা থেকে আইন চাকরিদাতাদের নিষেধ করে।

নতুন নীতিমালা, বারবার করা প্রশ্নের উত্তর এবং চাকরিদাতা/কর্মচারী ফ্যাক্ট শিটসহ আরো তথ্যের জন্য NYSDOL ওয়েবসাইট ভিজিট করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন